Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

ই-মেইল ও হোয়াটঅ্যাপ যোগে প্রেরিত

স্মারকঃ বায়রা/৩(৯)/২০২৫/০২২

তারিখ ঃ ০৭ মাঘ ১৪৩১ / ২১ জানুয়ারি ২০২৫

প্রাপক ঃ
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয় ঃ ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি বা বহাল রাখার ক্ষেত্রে 'রিটার্ন দাখিলের প্রমাণ' Proof of submission of return (PSR) দাখিল ও এসোসিয়েশনের সদস্যদের সংযুক্ত ছক মোতাবেক তথ্য প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ কর অঞ্চল-২২ হতে প্রাপ্ত পত্র নং (১) উৎসে কর কর্তন/কঃঅঃ-২২/২০২৪-২০২৫/৮৪৫ তারিখ ঃ ২৬/১১/২০২৪
(২) পি.এস.আর/কঃঅঃ-২২/২০২৪-২০২৫/৩৫ তারিখ ঃ ১৩/০১/২০২৫

মহোদয়,
আস্-সালামু আলাইকুম ওয়ারাহ্মাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আয়কর আইন, ২০২৩ এর অংশ-১৮ এর ধারা-২৬৪ (৩) (১১) অনুযায়ী ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখিতে 'রিটার্ন দাখিলের প্রমাণ' Proof of submission of return (PSR) দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিস্তারিত নথিতে।

সংযুক্তি ঃ ২ পাতা, বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।

অনুলিপি ঃ
১। কর কমিশনার, কর অঞ্চল-২২, ঢাকা।
২। সভাপতি/মহাসচিব/অর্থসচিব, বায়রা।

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

বায়রা সচিবালয়, ঢাকা	
সম্মানিত সভাপতি/মহাসচিব/ অর্থসচিব/.....	সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/.....	
রিসেপশনিস্ট	
ডকেট/ডায়েরী নং	58
তারিখ ও সময়	19/1/25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-২২, ঢাকা
প্লট নং-১৬ ও ১৮, নাভানা সেন্ট্রেয়েড (৬ষ্ঠ তলা), গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা-১২৩০
www.taxeszone22dhaka.gov.bd

নথি নং-পি.এস.আর/কঃঅঃ-২২/২০২৪-২০২৫/ ৩৫

তারিখঃ ১৩/০১/২০২৫ খ্রি.

প্রেসিডেন্ট
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (BAIRA)
১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

বিষয়ঃ ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি বা বহাল রাখার ক্ষেত্রে 'রিটার্ন দাখিলের প্রমাণ' [Proof of submission of return (PSR)] দাখিল ও এসোসিয়েশনের সদস্যদের সংযুক্ত ছক মোতাবেক তথ্য প্রদান।

সূত্র: আয়কর জরিপ ও পরিদর্শন, জাতীয় রাজস্ব বোর্ড এর নথি নং: ০৮.০১.০০০০.০৩৭.০৬.১৩৬.২৫/০৩; তারিখঃ ০৯/০১/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

আয়কর আইন, ২০২৩ এর অংশ-১৮ এর ধারা-২৬৪(৩) (১১) অনুযায়ী 'ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখিতে' **'রিটার্ন দাখিলের প্রমাণ' [Proof of submission of return (PSR)]** দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

এমতাবস্থায় আপনার এসোসিয়েশনের অন্তর্ভূক্ত সদস্যগণের তালিকা এবং তাদের রিটার্ন দাখিলের প্রমাণ **(PSR)** সংক্রান্ত তথ্য নিম্নোক্ত ছকে আগামী ২৬/০২/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য আয়কর আইন, ২০২৩ এর ধারা-২০০ এর বিধান অনুযায়ী আপনাকে অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক নং	এসোসিয়েশনের অন্তর্ভূক্ত সদস্যের নাম ও প্রতিষ্ঠানের ঠিকানা	TIN	NID (TIN না থাকলে)	'রিটার্ন দাখিলের প্রমাণ' **(PSR)** দাখিল করেছেন কি না (হ্যাঁ/না)		মন্তব্য
				২০২৩-২০২৪	২০২৪-২০২৫	
১	২	৩	৪	৫(ক)	৫(খ)	৬

'রিটার্ন দাখিলের প্রমাণ' **(PSR)** ব্যতিরেকে বর্ণিত সেবা প্রদান করা হলে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ (৭) মোতাবেক অনধিক ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার বিধান রয়েছে।

জাতীয় রাজস্ব আহরণে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

১৩/০১/২৫

অফিসের সিলমোহর

কর কমিশনারের কার্যালয় তাং..... কর অঞ্চল-২২, ঢাকা।

(মোঃ শামীম আহম্মেদ)
উপকর কমিশনার
সদরদপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-২২, ঢাকা
ই-মেইলঃ taxeszone22dhaka@gmail.com

D:\PSR_24-25[1].DOCX

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-২২, ঢাকা
প্লট নং- ১৬ ও ১৮, নাডানা সেন্ট্রয়েড (৬ষ্ঠ তলা), গরীব-ই-নেওয়াজ এভিনিউ,সেক্টর- ১৩, উত্তরা, ঢাকা
www.taxeszone22dhaka.gov.bd

নথি নংঃ উৎসে কর কর্তন/কঃঅঃ-২২/২০২৪-২০২৫/ ৮৪৫ তারিখঃ ২৬/১১/২০২৪ খ্রি.

প্রেসিডেন্ট
বাংলাদেশ এসোশিয়েন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)
বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

বিষয়ঃ জনশক্তি রপ্তানি হতে উৎসে কর্তিত /সংগৃহীত কর যথাযথ কোডে জমা প্রদান।

সূত্র ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.২৩.৭৪০, তারিখঃ ১৮/১২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

কর বিভাগ সম্প্রসারণের পরিপ্রেক্ষিতে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২১ অনুযায়ী কর্তিত/সংগৃহীত উৎসে কর্তিত কর, কর অঞ্চল-২২, ঢাকা এর অধিক্ষেত্রাধীন। ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ড, সূত্রোক্ত পত্রের মাধ্যমে এতদ্সংশ্লিষ্ট অধিক্ষেত্র আদেশ জারী করেছে (কপি সংযুক্ত)।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২১ মোতাবেক জনশক্তি রপ্তানি বাবদ সংগৃহীত সার্ভিস চার্জ বা ফি হতে ১০% (দশ শতাংশ) হারে উৎসে কর এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ৯ এর অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়নের আবেদনের সাথে ৫০,০০০/- টাকা (পঞ্চাশ হাজার টাকা) উৎসে অগ্রীম কর কর্তনের বিধান রয়েছে (কপি সংযুক্ত)।

এ প্রেক্ষিতে, বাংলাদেশ এসোশিয়েন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা) এর সদস্যভূক্ত সকল এজেন্সী হতে আয়কর আইন ২০২৩ এর ধারা ১২১ মোতাবেক জনশক্তি রপ্তানি বাবদ সংগৃহীত সার্ভিস চার্জ বা ফি হতে ১০% (দশ শতাংশ) হারে উৎসে কর এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ৯ এর অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়নের আবেদনের সাথে ৫০,০০০/- টাকা (পঞ্চাশ হাজার টাকা) উৎসে অগ্রীম কর সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-২২, ঢাকা এর অনুকূলে জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কর অঞ্চল-২২, ঢাকায় চালান জমা দেয়ার কোড নিম্নরূপ ঃ

কোম্পানী- "১১১০২১৫১৪২৬৩৬-১১১১১০১-১১১০২১৭১০২৭১০-১১১২১০১"
কোম্পানী ব্যতীত- "১১১০২১৫১৪২৬৩৬-১১১১১০১-১১১০২১৭১০২৭১০-১১১১১১০১"

''জাতীয় রাজস্ব আহরণের স্বার্থে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য"।

২৬/১১/২০২৪
(মোঃ মোস্তাফিজুর রহমান)
কর কমিশনার
কর অঞ্চল-২২, ঢাকা

সংযুক্তিঃ
০১। আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২১ এর কপি।
০২। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইস্যুকৃত অধিক্ষেত্র আদেশ এর কপি।

Bangladesh Association of International Recruiting Agencies DHAKA BAIRA

26/11/24

O/C